দৈনিক জনকণ্ঠ

38

তারিখ 01 JUN 1998
পৃষ্ঠা 2 কলাম 9

# ৫ দফা দাবিতে কাফনের কাপড় পরে বেসরকারী প্রাথমিক শিক্ষকদের মিছিল

স্টাফ রিপোর্টার ॥ চাকরি জাতীয়করণসহ পাঁচ দফা দাবিতে রবিবার বেসরকারী প্রাথমিক শিক্ষকরা রাজধানীতে কাফনের কাপড় পরে মিছিল করেন। প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে মিছিলটি যাবার সময় সার্ক ফোয়ারার কাছে পুলিশ বাধা দেয়। এ সময় শিক্ষকরা রাজপথে বসে পড়েন। প্রচণ্ড রোদ ও দুঃসহ গরমে ২৫ শিক্ষক অসুস্থ হয়ে পড়লে তাঁদের হাসপাতালে নেয়া হয়। গতকাল রাত দশ পর্যন্ত শিক্ষকরা বাংলামোটর থেকে সার্ক ফোয়ারা পর্যন্ত ভিআইপি সড়কে অনশন ও অবস্থান ধর্মঘট কর্মসূচী পালন করেন। এরপর তাঁরা দল

(১১ পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## ৫ দফা দাবিতে

(প্রথম পাতার পর)

ওসমানী উদ্যানে গিয়ে অবস্থান নেন।। প্রধানমন্ত্রী চাকরি জাতীয়করণের সুস্পষ্ট ঘোষণা না দেয়া পর্যন্ত ওসমানী উদ্যানে তাঁদের কর্মসূচী অব্যাহত থাকবে বলে জানা যায়। প্রধানমন্ত্রীর প্রাইভেট সেক্রেটারি আরএম উবাইদুল মোক্তাদির চৌধুরী ও ডিজি (প্রশাসন) মমিনুল্লাহ পাটওয়ারী ঘটনাস্থলে আসেন। তাঁরা শিক্ষকদের দাবি-দাওয়া সংবলিত স্মারকলিপি গ্রহণ করেন।

পূর্বঘোষিত কর্মসূচী অনুযায়ী সারা দেশের প্রায় আট হাজার বেসরকারী প্রাথমিক শিক্ষক দুপুর সোয়া বারোটায় ওসমানী উদ্যান থেকে কাফনের কাপড় পরে মিছিল বের করেন। নগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে মিছিলটি সার্ক ফোয়ারার কাছে গেলে পুলিশ বাধা দেয়। এ সময় শিক্ষকরা রাস্তায় বসে পড়েন। এখানে পুলিশের সাথে শিক্ষকদের কথা কাটাকাটি হয়। কাঠফাটা রোদ ও প্রচণ্ড গরমে ২৫ শিক্ষক অসুস্থ হয়ে পড়লে তাঁদের ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়।

এদিকে শিক্ষকদের কর্মসূচীর কারণে শাহবাগ থেকে ফার্মগেট পর্যন্ত ভিআইপি সড়ক ও পার্শ্ববর্তী বিভিন্ন সড়কে অসহনীয় যানজটের সৃষ্টি হয়। পুলিশের অব্যাহত অনুরোধের প্রেক্ষিতে রাত সাড়ে দশটায় শিক্ষকরা রাজপথ ছেড়ে ওসমান উদ্যানে যান। বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি সামছুল আলম জানান, প্রধানমন্ত্রী দাবি পূরণের সুস্পষ্ট ঘোষণা না দিলে শিক্ষকরা অবস্থান ও অনশন ধর্মঘট প্রত্যাহার করবেন না।